

**শেখুবিতে তিন  
শিক্ষক সাসপেন্ড**

■ শেখুবি প্রতিনিধি  
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেখুবি) শিক্ষকদের মারামারির ঘটনায় অভিযুক্ত দুই শিক্ষকের সঙ্গে ঘটনায় লাহিত শিক্ষককেও সাময়িকভাবে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। মঙ্গলবার রাত সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিষ্টার ড. মো. আনোয়ারুল ইসলাম স্বাক্ষরিত একটি অফিস আদেশপত্রে তাদের সাময়িকভাবে বরখাস্তের এ আদেশ দেওয়া হয়। সাসপেন্ড হওয়া তিন শিক্ষক হলেন- উদ্যানভঙ্গ বিভাগের অধ্যাপক ড. নজরুল ইসলাম, একই বিভাগের সহকারী অধ্যাপক শরমিন চৌধুরী এবং এগ্রিকালচারাল বোটানি বিভাগের অধ্যাপক ড. অসীম কুমার ভদ্র।